রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ১৩, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**চেয়ারম্যানের কার্যালয়**
**নিম্নতম মজুরী বোর্ড**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ / ০৩ জুন ২০২১ খ্রিস্টাব্দ

নং ৪০.০৪.০০০০.০০২.৩৬.০০৭.১৯.৭৮—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ১৩৯ (১) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮ (১) বিধি মোতাবেক নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক ‘‘টি গার্ডেন’’ শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরী হারের খসড়া সুপারিশ, ২০২১ জনসাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানানো যাইতেছে।

অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত ‘‘টি গার্ডেন’’ শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের নিম্নতম মজুরী হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোনো আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে এই গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে উক্ত আপত্তি বা সুপারিশ উপাত্তসহ লিখিতভাবে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ২২/১ তোপখানা রোড, বাশিকপ ভবন (৬ষ্ঠ তলা), সেগুনবাগিচা, ঢাকা -১০০০ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমার মধ্যে প্রদত্ত আপত্তি বা সুপারিশ বিবেচনার পর বোর্ড সরকারের নিকট সুপারিশ পেশ করিবেন।

*স্বাক্ষরিত*
(সুলতান মাহ্‌মুদ)
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।


**মূল্য :** টাকা ১৬.০০

**''টি গার্ডেন''** শিল্প

**খসড়া সুপারিশ-২০২১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ২২/১০/২০১৯ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত প্রজ্ঞাপন মূলে (এস. আর. ও নম্বর ৩৩০-আইন/২০১৯ তারিখ: ১৭/১০/২০১৯) নিম্নতম মজুরী বোর্ডে ''টি গার্ডেন'' শিল্প সেক্টরের প্রতিনিধিত্ব করিবার জন্য মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয়। অতঃপর শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর স্মারক নম্বর ৪০.০০.০০০০.০১৬.৩২.০৬৯.১৭.১৪৪ তারিখ: ০৩/১১/২০১৯ খ্রিস্টাব্দ মূলে আইন ও বিধি মোতাবেক ''টি গার্ডেন'' শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিকগণের নিম্নতম মজুরী নির্ধারণের কার্যক্রম গ্রহণের জন্য নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়।

অতঃপর নিম্নতম মজুরী বোর্ড ''টি গার্ডেন'' শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরী হারের সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে নিম্নতম মজুরী বোর্ডের একাধিক সভা অনুষ্ঠিত হয়। এছাড়া বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণ মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গলে অবস্থিত ফুঁসকুড়ি চা বাগান, শমসেরনগর চা বাগান ও পদ্মছড়া চা বাগান এ উপস্থিত হইয়া বিভিন্ন কার্যক্রম পর্যবেক্ষণ করে তথ্য উপাত্ত সংগ্রহ করেন। বোর্ডের সভায় সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য কর্তৃক দাখিলকৃত মজুরী প্রস্তাব এবং গবেষণাধর্মী প্রতিষ্ঠান টিআইবি এর গবেষণা প্রতিবেদন ও বিভিন্ন শ্রমিক/কর্মচারী সংগঠনের পক্ষ হইতে দাখিলকৃত স্মারকলিপি/মজুরী প্রস্তাবসহ শ্রমিকগণের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরন, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ্য, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় পর্যালোচনা করা হয়। সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১৩৯ মোতাবেক ''টি গার্ডেন'' শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরী হার নির্ধারণের বিষয়ে নিম্নতম মজুরী বোর্ড বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ১২৯ মোতাবেক বোর্ডের সভায় উপস্থিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠের মতামতের ভিত্তিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিতভাবে খসড়া সুপারিশ পেশ করিল:

১। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরী হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার ''টি গার্ডেন'' শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। এই সুপারিশে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণিতে/গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। উক্ত শিল্প সেক্টরের তপশিলে উল্লিখিত শ্রমিক বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরী কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরী নির্ধারণ করিতে হইবে। কোনো শ্রমিককে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। এই সুপারিশের প্রেক্ষিতে সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তপশিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিককে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্তকরত মজুরী স্লিপ প্রদান করিবেন।

৫। তপশিল “খ” ও “গ” এ উল্লিখিত মজুরী মাসিক/দৈনিক নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রদান করা যাইবে না। তবে উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে বা এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক অথবা শ্রমিকগণকে অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৭। চা শিল্পের বহু বছরের প্রতিষ্ঠিত রীতি অনুযায়ী “টি গার্ডেন” শিল্প সেক্টরের চা শ্রমিক ইউনিয়নের সাথে মালিকপক্ষের প্রতিনিধিত্বকারী বাংলাদেশ চা সংসদ প্রতি ০৩ (তিন) বছর অন্তর অন্তর মজুরী ছাড়াও উৎপাদনশীলতাসহ অন্যান্য বিষয়ে আলোচনা করিয়া সমঝোতার ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

৮। “টি গার্ডেন” শিল্প সেক্টরে পরিদর্শনকালে দেখা যায় যে, বিভিন্ন টি গার্ডেনে শ্রমিকগণের উৎপাদনশীলতার মধ্যে তারতম্য রহিয়াছে। এইরূপ তারতম্যের মধ্যে সমন্বয় সাধন করিতে হইবে।

৯। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী ‘‘শ্রমিক’’ বলিয়া গণ্য হইবেন। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরী অপেক্ষা কোনোক্রমেই কম মজুরী প্রদান করিতে পারিবেন না।

১০। শর্ত (৯) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

১১। উক্ত শিল্প সেক্টরের মালিক যদি শ্রমিককে ফুরন ভিত্তিক (Piece rate) মজুরী প্রদান করিয়া থাকেন, তবে তপশিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রাপ্ত না হন।

১২। তপশিলে উল্লিখিত নিম্নতম মজুরী ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।

১৩। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

১৪। এই সুপারিশের কোনো অংশ প্রচলিত বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সহিত সাংঘর্ষিক হইলে সেই অংশটুকু বাতিল বলিয়া গণ্য হইবে।

*স্বাক্ষরিত*
(সুলতান মাহ্‌মুদ)
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

*স্বাক্ষরিত*
(অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন)
নিরপেক্ষ সদস্য

*স্বাক্ষরিত*
(কাজী সাইফুদ্দীন আহমদ)
মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

*স্বাক্ষরিত*
(সুলতান আহম্মদ)
শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

*স্বাক্ষরিত*
(তাহসীন আহমেদ চৌধুরী)
সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

*স্বাক্ষরদানে বিরত থাকেন*
(রাম ভজন কৈরী)
সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

## তপশিল "ক"
## উৎপাদনের ভিত্তিতে চা বাগানের শ্রেণি বিভাগ

| এলাকা | চা বাগানের শ্রেণি বিভাগ/ক্যাটাগরি | চা উৎপাদনের পরিমাণ/বিবরণ |
|---|---|---|
| সিলেট, মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলায় অবস্থিত চা বাগান | এ- শ্রেণি | প্রতি বৎসরে গড়ে ১,৮০,০০০ (এক লক্ষ আশি হাজার) কিলোগ্রাম বা তার চেয়ে বেশি চা উৎপাদন করে এইরূপ চা বাগান এ- শ্রেণি এর অন্তর্ভুক্ত হইবে। |
| | বি-শ্রেণি | প্রতি বৎসরে গড়ে ১,০৮,০০০ (এক লক্ষ আট হাজার) কিলোগ্রাম বা তার চেয়ে বেশি কিন্তু ১,৮০,০০০ (এক লক্ষ আশি হাজার) কিলোগ্রাম এর কম চা উৎপাদন করে এইরূপ চা বাগান বি- শ্রেণি এর অন্তর্ভুক্ত হইবে। |
| | সি-শ্রেণি | প্রতি বৎসরে গড়ে ১,০৮,০০০ (এক লক্ষ আট হাজার) কিলোগ্রাম এর কম চা উৎপাদন করে এইরূপ চা বাগান সি- শ্রেণি এর অন্তর্ভুক্ত হইবে। |
| চট্টগ্রাম, রাঙ্গামাটি ও অন্যান্য জেলায় অবস্থিত চা বাগান | ক্যাটাগরি-১ | প্রতি বৎসরে গড়ে ১,১৩,০০০ (এক লক্ষ তেরো হাজার) কিলোগ্রাম বা তার চেয়ে বেশি চা উৎপাদন করে এইরূপ চা বাগান ক্যাটাগরি-১ এর অন্তর্ভুক্ত হইবে। |
| | ক্যাটাগরি-২ | প্রতি বৎসরে গড়ে ৪৫,০০০ (পঁয়তাল্লিশ হাজার) কিলোগ্রাম বা তার চেয়ে বেশি কিন্তু ১,১৩,০০০ (এক লক্ষ তেরো হাজার) কিলোগ্রাম এর কম চা উৎপাদন করে এইরূপ চা বাগান ক্যাটাগরি-২ এর অন্তর্ভুক্ত হইবে। |
| | ক্যাটাগরি-৩ | প্রতি বৎসরে গড়ে ৪৫,০০০ (পঁয়তাল্লিশ হাজার) কিলোগ্রাম এর কম চা উৎপাদন করে এইরূপ চা বাগান ক্যাটাগরি-৩ এর অন্তর্ভুক্ত হইবে। |

## তপশিল ‘‘খ’’

শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরী হার (মাসিক/দৈনিক ভিত্তিতে)

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | | চা বাগানের শ্রেণি বিভাগ/ক্যাটাগরি | মজুরি স্কেল/দৈনিক মজুরি |
|---|---|---|---|---|
| | (১) | | (২) | (৩) |
| ১। | গ্রেড-১: | ১। ইলেকট্রিশিয়ান<br>২। ড্রেসার | এ- শ্রেণি/ ক্যাটাগরি-১ | ৬৬৫০ - ৪৫ X ১০ - ৭১০০ - ৬০ X ১০ - ৭৭০০ - ৮৩ X ১০ - ৮৫৩০ |
| | | | বি-শ্রেণি/ ক্যাটাগরি-২ | ৬৬৫০ - ৪৫ X ১০ - ৭১০০ - ৬০ X ১০ - ৭৭০০ - ৮৩ X ১০ - ৮৫৩০ |
| | | | সি-শ্রেণি/ ক্যাটাগরি-৩ | ৬৬৫০ - ৪৫ X ১০ - ৭১০০ - ৬০ X ১০ - ৭৭০০ - ৮৩ X ১০ - ৮৫৩০ |
| | | ১। সর্দার<br>২। মিস্ত্রী<br>৩। লেদ অপারেটর<br>৪। ধাই<br>৫। পিওন/ মেসেঞ্জার | এ- শ্রেণি/ক্যাটাগরি-১ | ৬৫৫০ - ৪৪ X ১০ - ৬৯৯০ - ৫৯ X ১০ - ৭৫৮০ - ৮২ X ১০ - ৮৪০০ |
| | | | বি-শ্রেণি/ ক্যাটাগরি-২ | ৬৫৫০ - ৪৪ X ১০ - ৬৯৯০ - ৫৯ X ১০ - ৭৫৮০ - ৮২ X ১০ - ৮৪০০ |
| | | | সি-শ্রেণি/ ক্যাটাগরি-৩ | ৬৫৫০ - ৪৪ X ১০ - ৬৯৯০ - ৫৯ X ১০ - ৭৫৮০ - ৮২ X ১০ - ৮৪০০ |
| ২। | গ্রেড-২: | ১। চা বাগান স্থায়ী শ্রমিক<br>২। সাময়িক/ ক্যাজুয়াল শ্রমিক | এ- শ্রেণি/ ক্যাটাগরি-১ | দৈনিক ১২০/- |
| | | | বি-শ্রেণি/ ক্যাটাগরি-২ | দৈনিক ১১৮/- |
| | | | সি-শ্রেণি/ ক্যাটাগরি-৩ | দৈনিক ১১৭/- |
| ৩। | শিক্ষানবিস: | (ক) শিক্ষানবিসিকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিসিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোন কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিসিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিসিকালে শিক্ষানবিস শ্রমিক (মাসিক ভিত্তিতে শ্রমিকের ক্ষেত্রে) মাসিক সর্বসাকুল্যে ৬০০০/- (ছয় হাজার) টাকা / দৈনিক মজুরী (দৈনিক ভিত্তিতে শ্রমিকের ক্ষেত্রে) ১১০/-( একশত দশ) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিসিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিস শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | |

**<u>তপশিল ‘‘গ’’</u>**

কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরী হার

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | | চা বাগানের শ্রেণি বিভাগ/ক্যাটাগরি | মজুরী স্কেল |
|---|---|---|---|---|
| | (১) | | (২) | (৩) |
| ১। | গ্রেড-১: | হেড ক্লার্ক | এ- শ্রেণি | ১৪৩৪০ - ২৮৬ x ১৮ - ১৯৪৮৮ EB ৫৮৩ x ১২ - ২৬৪৮৪ |
| | | | বি-শ্রেণি | ১৩৯৪১ - ২৭৮ x ১৮ - ১৮৯৪৫ EB ৫৬৮ x ১২ - ২৫৭৬১ |
| | | | সি-শ্রেণি | ১৩৩৯০ - ২৬৮ x ১৮ - ১৮২১৪ EB ৫৪৬ x ১২ - ২৪৭৬৬ |
| | | ক্লার্ক আই/সি আউট গার্ডেন | এ- শ্রেণি | ১৩৯৭৯ - ২৮১ x ১৮ - ১৯০৩৭ EB ৫৭০ x ১২ - ২৫৮৭৭ |
| | | | বি-শ্রেণি | ১৩৬৫২ - ২৭৪ x ১৮ - ১৮৫৮৪ EB ৫৫৯ x ১২ - ২৫২৯২ |
| | | | সি-শ্রেণি | ১৩১২২ - ২৬২ x ১৮ - ১৭৮৩৮ EB ৫৩৬ x ১২ - ২৪২৭০ |
| | | হেড ফ্যাক্টরি ক্লার্ক | এ- শ্রেণি | ১৩৮০৬ - ২৭৬ x ১৮ - ১৮৭৭৪ EB ৫৬৪ x ১২ - ২৫৫৪২ |
| | | | বি-শ্রেণি | ১৩৪৭৫ - ২৭০ x ১৮ - ১৮৩৩৫ EB ৫৫০ x ১২ - ২৪৯৩৫ |
| | | | সি-শ্রেণি | ১২৯৬০ - ২৬১ x ১৮ - ১৭৬৫৮ EB ৫৩০ x ১২ - ২৪০১৮ |
| | | হেড টিলা ক্লার্ক | এ- শ্রেণি | ১৩৪৭৫ - ২৭০ x ১৮ - ১৮৩৩৫ EB ৫৫০ x ১২ - ২৪৯৩৫ |
| | | | বি-শ্রেণি | ১৩০৭৪ - ২৬২ x ১৮ - ১৭৭৯০ EB ৫৩৫ x ১২ - ২৪২১০ |
| | | | সি-শ্রেণি | ১২৬২৪ - ২৫৩ x ১৮ - ১৭১৭৮ EB ৫১৫ x ১২ - ২৩৩৫৮ |
| | | মেকানিক | সকল চা বাগান | ১৩৮৮৪ - ২৭৮ x ৯ - ১৬৩৮৬ EB ৪৯৩ x ২১ - ২৬৭৩৯ |

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | | চা বাগানের শ্রেণি বিভাগ/ক্যাটাগরি | মজুরী স্কেল |
|---|---|---|---|---|
| | (১) | | (২) | (৩) |
| ২। | গ্রেড-২: | সেকেন্ড অফিস ক্লার্ক | এ- শ্রেণি | ১৩৪০৪ - ২৬৮ x ১৮ - ১৮২২৮ EB ৫৪৬ x ১২ - ২৪৭৮০ |
| | | | বি-শ্রেণি | ১৩০৩৮ - ২৬১ x ১৮ - ১৭৭৩৬ EB ৫৩২ x ১২ - ২৪১২০ |
| | | | সি-শ্রেণি | ১২৬০৪ - ২৫৩ x ১৮ - ১৭১৫৮ EB ৫১৫ x ১২ - ২৩৩৩৮ |
| | | স্টোর ক্লার্ক | এ- শ্রেণি | ১৩৪০৪ - ২৬৮ x ১৮ - ১৮২২৮ EB ৫৪৬ x ১২ - ২৪৭৮০ |
| | | | বি-শ্রেণি | ১৩০৩৮ - ২৬১ x ১৮ - ১৭৭৩৬ EB ৫৩২ x ১২ - ২৪১২০ |
| | | | সি-শ্রেণি | ১২৬০৪ - ২৫৩ x ১৮ - ১৭১৫৮ EB ৫১৫ x ১২ - ২৩৩৩৮ |
| | | সেকেন্ড ফ্যাক্টরি ক্লার্ক | এ- শ্রেণি | ১৩১২২ - ২৬২ x ১৮ - ১৭৮৩৮ EB ৫৩৬ x ১২ - ২৪২৭০ |
| | | | বি-শ্রেণি | ১২৮৫৭ - ২৬০ x ১৮ - ১৭৫৩৭ EB ৫২৪ x ১২ - ২৩৮২৫ |
| | | | সি-শ্রেণি | ১২৩৯৬ - ২৪৭ x ১৮ - ১৬৮৪২ EB ৫০৭ x ১২ - ২২৯২৬ |
| | | সেকেন্ড টিলা ক্লার্ক | এ- শ্রেণি | ১২৮৮৭ - ২৬০ x ১৮ - ১৭৫৬৭ EB ৫২৬ x ১২ - ২৩৮৭৯ |
| | | | বি-শ্রেণি | ১২৫৫৭ - ২৫৩ x ১৮ - ১৭১১১ EB ৫১৪ x ১২ - ২৩২৭৯ |
| | | | সি-শ্রেণি | ১২১৬২ - ২৪৫ x ১৮ - ১৬৫৭২ EB ৪৯৬ x ১২ - ২২৫২৪ |
| | | থার্ড অফিস ক্লার্ক/থার্ড টিলা ক্লার্ক/থার্ড ফ্যাক্টরি ক্লার্ক/হাজিরী/পি এফ ক্লার্ক | এ- শ্রেণি | ১২৭০০ - ২৫৪ x ১৮ - ১৭২৭২ EB ৫১৭ x ১২ - ২৩৪৭৬ |
| | | | বি-শ্রেণি | ১২৩৭৯ - ২৪৭ x ১৮ - ১৬৮২৫ EB ৫০৭ x ১২ - ২২৯০৯ |
| | | | সি-শ্রেণি | ১২০৯২ - ২৪২ x ১৮ - ১৬৪৪৮ EB ৪৯৪ x ১২ - ২২৩৭৬ |

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | | চা বাগানের শ্রেণি বিভাগ/ক্যাটাগরি | মজুরি স্কেল |
|---|---|---|---|---|
| | (১) | | (২) | (৩) |
| | গ্রেড-২: | স্কুল মাস্টার (প্রশিক্ষণপ্রাপ্ত) | এ- শ্রেণি | ১৩০২৮ - ২৬১ x ১৮ - ১৭৭২৬ EB ৫৩২ x ১২ - ২৪১১০ |
| | | | বি-শ্রেণি | ১২৬৯৭ - ২৫৪ x ১৮ - ১৭২৬৯ EB ৫১৭ x ১২ - ২৩৪৭৩ |
| | | | সি-শ্রেণি | ১২৩৭২ - ২৪৭ x ১৮ - ১৬৮১৮ EB ৫০৭ x ১২ - ২২৯০২ |
| | | কম্পাউন্ডার/ফার্মাসিস্ট (প্রশিক্ষণপ্রাপ্ত) | এ- শ্রেণি | ১৩২৩০ - ২৬৩ x ১৮ - ১৭৯৬৪ EB ৫৪০ x ১২ - ২৪৪৪৪ |
| | | | বি-শ্রেণি | ১২৭৪৯ - ২৫৪ x ১৮ - ১৭৩২১ EB ৫২১ x ১২ - ২৩৫৭৩ |
| | | | সি-শ্রেণি | ১২৩২৯ - ২৪৬ x ১৮ - ১৬৭৫৭ EB ৫০১ x ১২ - ২২৭৬৯ |
| ৩। | গ্রেড-৩: | ধাত্রী (প্রশিক্ষণপ্রাপ্ত) | এ- শ্রেণি | ১২৭০০ - ২৫৪ x ১৮ - ১৭২৭২ EB ৫১৭ x ১২ - ২৩৪৭৬ |
| | | | বি-শ্রেণি | ১২৩৭৫ - ২৪৭ x ১৮ - ১৬৮২১ EB ৫০৭ x ১২ - ২২৯০৫ |
| | | | সি-শ্রেণি | ১২০১২ - ২৪০ x ১৮ - ১৬৩৩২ EB ৪৯০ x ১২ - ২২২১২ |
| | | কম্পাউন্ডার (প্রশিক্ষণবিহীন) | এ- শ্রেণি | ১২৮৮৭ - ২৬০ x ১০ - ১৫৪৮৭ |
| | | | বি-শ্রেণি | ১২৫৫৭ - ২৫৩ x ১০ - ১৫০৮৭ |
| | | | সি-শ্রেণি | ১২১৮০ - ২৪৫ x ১০ - ১৪৬৩০ |
| | | মেলিরিওলোজিস্ট | এ- শ্রেণি | ১২৭০০ - ২৫৪ x ১৮ - ১৭২৭২ EB ৫১৭ x ১২ - ২৩৪৭৬ |
| | | | বি-শ্রেণি | ১২৩৭৫ - ২৪৭ x ১৮ - ১৬৮২১ EB ৫০৭ x ১২ - ২২৯০৫ |
| | | | সি-শ্রেণি | ১২০১৫ - ২৪০ x ১৮ - ১৬৩৩৫ EB ৪৯০ x ১২ - ২২২১৫ |
| | | স্কুল মাস্টার (প্রশিক্ষণবিহীন) | এ- শ্রেণি | ১২৮৮৭ - ২৬০ x ১৫ - ১৬৭৮৭ |
| | | | বি-শ্রেণি | ১২৫৫৭ - ২৫৩ x ১৫ - ১৬৩৫২ |
| | | | সি-শ্রেণি | ১২১৮০ - ২৪৫ x ১৫ - ১৫৮৫৫ |

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | | চা বাগানের শ্রেণি বিভাগ/ক্যাটাগরি | মজুরি স্কেল |
|---|---|---|---|---|
| | (১) | | (২) | (৩) |
| ৪। | গ্রেড-৪: | ধাত্রী (রেডক্রস) | এ- শ্রেণি | ১২৪৮১ - ২৪৯ x ১৮ - ১৬৯৬৩ EB ৫০৯ x ১২ - ২৩০৭১ |
| | | | বি-শ্রেণি | ১২১৮০ - ২৪৫ x ১৮ - ১৬৫৯০ EB ৪৯৯ x ১২ - ২২৫৭৮ |
| | | | সি-শ্রেণি | ১১৯২২ - ২৩৯ x ১৮ - ১৬২২৪ EB ৪৮৬ x ১২ - ২২০৫৬ |
| | | ফিটার/কার্পেন্টার/ মেসন/ফার্ণেস লাইনার | সকল চা বাগান | ১২০৬৬ - ২৪২ x ৯ - ১৪২৪৪ EB ৪২৯ x ২১ - ২৩২৫৩ |
| | | মটর মেকানিক/ ইলেকট্রিশিয়ান (লাইসেন্সধারী)/ ওয়েল্ডার(প্রশিক্ষণপ্রাপ্ত)/ সার্ভেয়ার/জমিদারি ক্লার্ক/টার্ণার/ লেদ অপারেটর | সকল চা বাগান | ১২৫৫৭ - ২৫৩ x ৯ - ১৪৮৩৪ EB ৪৪৩ x ২১ - ২৪১৩৭ |
| | | বয়লার এটেনডেন্টস | সকল চা বাগান | ১২৩৯৭ - ২৪৭ x ২৫ - ১৮৫৭২ |
| | | ড্রাইভার মেকানিক | সকল চা বাগান | ১২০৬৬ - ২৪২ x ১৮ - ১৬৪২২ EB ৪৯৩ x ১২ - ২২৩৩৮ |
| ৫। | গ্রেড-৫: | সিনিয়র ড্রাইভার | সকল চা বাগান | ৯৯৮৮ - ২০০ x ১৫ - ১২৯৮৮ EB ৩৮৯ x ১০ - ১৬৮৭৮ |
| ৬। | গ্রেড-৬: | জুনিয়র ড্রাইভার | সকল চা বাগান | ৭৫৪২ - ১৫১ x ১৫ - ৯৮০৭ |
| ৭। | শিক্ষানবিস: | (ক) শিক্ষানবিসিকালে শিক্ষানবিস শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৭০০০/- ( সাতা হাজার) টাকা প্রাপ্ত হইবেন।<br>(খ) শিক্ষানবিসিকাল ০৬ (ছয়) মাস।<br>(গ) শিক্ষানবিসিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিস শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | |

<u>অন্যান্য সুবিধাদি</u>

| ক্রমিক নম্বর | সুবিধাদির নাম | বিবরণ |
|---|---|---|
| | (১) | (২) |
| ১। | আবাসন সুবিধাদি | **(ক) শ্রমিক:** চা বাগানের অভ্যন্তরে শ্রমিক পরিবারভিত্তিক আবাসন সুবিধা পূর্বের ন্যায় বহাল থাকিবে। কোনো শ্রমিক বিবাহিত হইলে বাগান কর্তৃপক্ষ কর্তৃক ঘর প্রদানের ব্যবস্থা পূর্বের ন্যায় বহাল থাকিবে। কোনো শ্রমিকের মৃত্যু হইলে বা অবসর গ্রহণ করিলে তাহার পরিবারের একজন ছেলে বা মেয়ে বাগানের শ্রমিক হিসাবে নিয়োগের প্রথা বলবৎ থাকিবে এবং ঐ শ্রমিকের নামে বরাদ্দকৃত ঘরটি ছেলে বা মেয়ের নামে বরাদ্দ ব্যবস্থা পূর্বের ন্যায় বাগান কর্তৃপক্ষ কর্তৃক বহাল থাকিবে।<br>**(খ) কর্মচারী:** কর্মচারীগণের এবং তাহাদের পরিবারের জন্য চা বাগানের অভ্যন্তরে আবাসন ব্যবস্থা পূর্বের ন্যায় বহাল থাকিবে। |
| ২। | পায়খানা নির্মাণ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নক্সা ও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৫৯ অনুযায়ী শ্রমিকগণের জন্য পায়খানা নির্মাণ করিবার ব্যবস্থা অব্যাহত থাকিবে। |
| ৩। | টিউবওয়েল বা কূয়ার ব্যবস্থা | বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৫৮ অনুযায়ী আগামী এক বৎসরের মধ্যে প্রতি ২০টি ঘরের জন্য ১টি টিউবওয়েল বা কূয়ার ব্যবস্থা করিতে হইবে। |
| ৪। | গ্র্যাচুইটি | বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২৬ ও ২৭ মোতাবেক কর্মচারীগণ চাকরির ন্যূনতম মেয়াদ ৫ (পাঁচ) বৎসর পূর্ণ করা সাপেক্ষে প্রতি বৎসর চাকরির জন্য এক (০১) মাসের মূল বেতন গ্র্যাচুইটি হিসাবে প্রাপ্য হইবেন এবং শ্রমিকগণ বর্তমান প্রচলিত প্রথা মোতাবেক গ্র্যাচুইটির স্থলে যেভাবে পেনশন ভাতা পান তাহা বহাল থাকিবে। |
| ৫। | উৎসব ভাতা | **(ক) শ্রমিক:** যে কোনো সম্প্রদায়ের শ্রমিকগণ স্ব স্ব সম্প্রদায়ের প্রধান ২(দুই)টি উৎসবে প্রাপ্ত এক মাসের মূল মজুরীর (দৈনিক ভিত্তিতে শ্রমিকের ক্ষেত্রে ৪৭ কর্ম দিবসের মূল মজুরী) অর্ধাংশ প্রথম উৎসবে এবং বাকী অর্ধাংশ দ্বিতীয় উৎসবে প্রাপ্য হইবেন।<br>**(খ) কর্মচারী:** কর্মচারীগণ প্রচলিত প্রথায় বা বোনাস স্কীম অনুযায়ী উৎসব ভাতা প্রাপ্য হইবেন। |

| ক্রমিক নম্বর | সুবিধাদির নাম | বিবরণ |
|---|---|---|
| | (১) | (২) |
| ৬। | অধিকাল ভাতা | শ্রমিক ও কর্মচারীগণ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০৮ অনুযায়ী ৮ ঘন্টার পর অতিরিক্ত কাজের জন্য অধিকাল ভাতা প্রাপ্য হইবেন। |
| ৭। | মাতৃত্বকালীন ভাতা | বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৪৬ মোতাবেক মাতৃত্বকালীন ছুটি (১২০ দিন) সহ ভাতা প্রদান অব্যাহত থাকিবে। |
| ৮। | ধানী জমি | শ্রমিকগণের মাঝে বন্টনকৃত ধানী জমি থেকে প্রচলিত নিয়মে রেশন কর্তিত হইবে। |
| ৯। | ভর্তুকি মূল্যে রেশন | প্রচলিত নিয়মে প্রত্যেক শ্রমিক ও তাহার পোষ্যদের ভর্তুকি মূল্যে প্রতি কেজি চাল বা আটা ২.০০ (দুই) টাকা হারে সরবরাহের বর্তমান ব্যবস্থা অব্যাহত থাকিবে। |
| ১০। | চিকিৎসা সুবিধা | শ্রমিক, কর্মচারী ও তাহাদের পরিবারকে বিনামূল্যে চিকিৎসা সুবিধা প্রদানের ব্যবস্থা অব্যাহত থাকিবে। |
| ১১। | গ্রুপ বিমা | বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৯৯ অনুযায়ী স্থায়ী শ্রমিকদের জন্য বাধ্যতামূলক গ্রুপ বিমা চালুকরণ। |
| ১২। | কোম্পানীর মুনাফায় শ্রমিকের অংশগ্রহণ | প্রত্যেকটি টি গার্ডেন এর  চা বিক্রয় লব্ধ মোট অর্থের ০.০৩% (নিলাম অথবা ডাইরেক্ট সেল যেভাবে বিক্রয় হোক না কেন) শ্রমিকগণের জন্য অংশগ্রহণ ভিত্তিক মুনাফার অংশ হিসেবে প্রতিবছর  ০১ (এক) বার প্রদেয় হইবে। |

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.